দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JAN 2016
পৃষ্ঠা ৫ কলাম ৪

# ছাত্রদের বাঁচাতে ঝাঁপিয়ে পড়ে প্রাণ দিলেন শিক্ষক

## পাকিস্তানে বিশ্ববিদ্যালয়ে হামলা

■ ইত্তেফাক ডেস্ক

জঙ্গিদের দিকে বন্দুক তাক করে একটানা গুলি চালাচ্ছিলেন এক ভদ্রলোক। চিৎকার করে ঘরের ভিতরেই থাকার নির্দেশ দিচ্ছিলেন ছাত্রদের। কারণ বাইরে তখন সাক্ষাৎ মৃত্যু। একটু আগেই বিশ্ববিদ্যালয়ের পিছনের পাঁচিল টপকে ঢুকে পড়েছে চার জঙ্গি। বন্দুক তাক করে ঝাঁকে ঝাঁকে গুলি ছুড়ছে তারা। ফলে জঙ্গিদের সামনে বেশিক্ষণ লড়াই চালিয়ে যেতে পারেননি তিনি। ছাত্রদের চোখের সামনেই এক সময় গুলিতে লুটিয়ে পড়েন ভদ্রলোক।

এই 'ভদ্রলোক' আসলে আর কেউ নয়। পাকিস্তানের পেশোয়ারের বাচা খান বিশ্ববিদ্যালয়ের রসায়নের শিক্ষক সৈয়দ হামিদ হুসেন। তিনিই তার প্রিয় ছাত্রদের প্রাণ বাঁচাতে জঙ্গিদের সামনে নিজেকে ঠেলে দিয়ে বন্দুকযুদ্ধে লিপ্ত হন। বুধবার ওই বিশ্ববিদ্যালয়ে জঙ্গি হামলা হয়, যাতে নিহত হয় ২৫ জন। সৈয়দের ছাত্ররা মনে করছে, স্যার না থাকলে নিহতের সংখ্যা আরো বাড়তো। কারণ বন্দুক হাতে যখন তিনি জঙ্গিদের মুখোমুখি, তখনই পিছনের দেওয়াল টপকে পালানোর সুযোগ পায় ছাত্ররা। তবে তাদের স্যার নিজে বাঁচতে পারেননি। এক ছাত্র জানিয়েছেন, স্থানীয় সময় সাড়ে নয়টা নাগাদ গুলির আওয়াজ কানে আসে তাদের। বিশ্ববিদ্যালয় চত্বরে তখন একে একে জড়ো হচ্ছিলেন ছাত্র-শিক্ষকরা।